

শিক্ষা প্রতিষ্ঠানে রোজার ছুটি তিন ধাপে

যুগান্তর রিপোর্ট

রোজা আসার আগেই শুরু হয়ে গেছে ছুটি। এবার শিক্ষা প্রতিষ্ঠানে তিন ধাপে রুমজানের ছুটি দেয়া হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ে সোমবারই ছুটি ঘোষণা করা হয়েছে। মাধ্যমিকে ছুটি শুরু হবে ১৮ জুন। আর উচ্চ মাধ্যমিক এবং উচ্চশিক্ষা স্তরের কলেজে ছুটি শুরু হবে ৫ জুলাই।

রুমজান মাসে বাবা-মায়ের ওপর সহানুভূতি ফুলে নিয়ে যাওয়ার চাপ হ্রাস বিশেষ করে ঢাকা শহরে যানজট কমানোর লক্ষ্যে গেল। কয়েক বছর ধরে রোজা ও ঈদের ছুটি শিক্ষাপঞ্জিতে নির্ধারিত তারিখের আগেই শুরু করা হচ্ছে। গত বছর মন্ত্রিপরিষদের সভায় খোদ প্রধানমন্ত্রী এ বিষয়ে দিকনির্দেশনা দিয়ে আগাম ছুটির ব্যবস্থা করেন।

প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, রোজার মাসের ছুটি নিয়ে এমন আবেদন থাকায় পরিশ্রমিক্তে এ বছরের শিক্ষাপঞ্জি প্রণয়নকালেই বিষয়টি বিবেচনায় রাখা হয়। সে কারণে শিক্ষাপঞ্জিতে রোজা শুরুর সত্তাব্য তারিখ মাথায় রেখে ছুটি নির্ধারণ করে দেয়া আছে।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাপঞ্জিতে দেখা যায়, ২০ জুন থেকে এ স্তরের ছুটি শুরু হওয়ার কথা ছিল। কিন্তু এ বছরের শুরু থেকে ৯২ দিন বিরোধী জোটের হরতাল-অবরোধসহ বৈরা রাজনৈতিক পরিস্থিতির কারণে রুমজান কার্যক্রম ঠিক মতো হয়নি দেশের বিভিন্ন বিদ্যালয়ে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে মন্ত্রণালয় গ্রীষ্মকালীন ৫ দিনের ছুটি বাতিল করে। এ ছুটি ২৪ থেকে ২৭ মে হওয়ার কথা ছিল। কিন্তু তখন এ ছুটি বাতিল করে তা রোজার ছুটির সঙ্গে সমন্বয়ের আগাম ঘোষণা ছিল। যে কারণে ২০ জুনের পরিবর্তে ১৫ জুনই প্রাথমিক বিদ্যালয়ে ছুটি শুরু হয়ে যায়। ঈদ শেষে আগামী ২৩ জুলাই খুলবে সব প্রাথমিক বিদ্যালয়।

মাধ্যমিক স্তরে রোজার ছুটি আগে থেকেই ১৮ জুন শুরু হওয়ার কথা ছিল। এ সিদ্ধান্ত বাতিল হয়েছে। আগে নৈরা সিদ্ধান্ত অনুযায়ী রোজার ছুটি ২১ জুলাই পর্যন্ত দেয়া আছে। সেই হিসাবে আগামী ২২ জুলাই খুলবে মঠ থেকে দশম শ্রেণীর সব বিদ্যালয়।

এদিকে উচ্চ মাধ্যমিক কলেজ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের কলেজ গোলা খাবে ৪ জুলাই পর্যন্ত। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ৫ থেকে ২১ জুলাই পর্যন্ত বন্ধ থাকবে এসব কলেজ।